

প্রেস রিলিজ

১২ নভেম্বর ২০২৪

বাউবি'র এইচএসসি পরীক্ষা-২০২৪ এর ফল প্রকাশ

পাসের হার ৯৯ দশমিক ৯৮

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) ২০২৪ সালের এইচএসসি পরীক্ষার ২য় বর্ষের চূড়ান্ত ফল আজ ১২ নভেম্বর ২০২৪ তারিখে প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৯৯ দশমিক ৯৮। বাউবি'র এইচএসসি প্রোগ্রামের ২য় বর্ষের চূড়ান্ত পরীক্ষায় নিবন্ধিত শিক্ষার্থী সংখ্যা ৩২,৭৫৪ জন। নিবন্ধিত শিক্ষার্থী মধ্যে প্রথম বর্ষের রেজাল্টের উপর ভিত্তি করে চূড়ান্তভাবে ৩২,৭৪৬ জন শিক্ষার্থী উত্তীর্ণ হয়। আন্তঃশিক্ষা বোর্ডের সাথে সামঞ্জস্য রেখে এ রেজাল্ট প্রকাশ করা হয়।

শিক্ষার্থীদের মধ্যে ৫৩ জন A+ , ১,৭০৮ জন A , ৫,৪৪৫ জন A- , ১১,১৫৪ জন B , ১৩,৪৮৯ জন C এবং ৮৯৭ জন D গ্রেডে উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ১৯,১০৬ জন ছাত্র এবং ১৩,৬৪০ জন ছাত্রী।

এইচএসসি পরীক্ষা ২০২৪ সালে ১ম বর্ষে (২০২৩ ব্যাচ) নিবন্ধিত পরীক্ষার্থীদেরকে স্বয়ংক্রিয়ভাবে উত্তীর্ণ করা হয়েছে। এছাড়া ১৫ জন শিক্ষার্থীর ফলাফল স্থগিত করা হয়েছে। স্থগিতকৃত ১৫ জন শিক্ষার্থীদের মধ্যে এসএসসির সনদপত্র ও নম্বরপত্র পরীক্ষা বিভাগে দাখিল সাপেক্ষে ৮ জন শিক্ষার্থী চূড়ান্ত ফলাফল প্রাপ্ত হবেন এবং ৭ জন শিক্ষার্থী বর্ষভিত্তিক ফলাফল প্রাপ্ত হবেন। চূড়ান্ত ফলাফল <https://bou.ac.bd/hscresult> ওয়েব সাইট থেকে জানা যাবে।

রবি এবং বাংলালিংকে ফলাফল জানার জন্য:

BOU< space > student_Id and send the Message to 22777

Example: BOU 22011012001

টেলিটকে ফলাফল জানার জন্য:

BOU< space > student_Id and send the Message to 2777

Example: BOU 22011012001

গ্রামীনফোনে ফলাফল জানার জন্য:

BOU< space > student_Id and send the Message to 16554

Example: PB BOU 22011012001



মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল-০১৭১১২০৭৬৯৮